AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

**DATE: 9 May 2026** **TIME: 7:35 AM**

---

পশ্চিমবঙ্গের প্রথম বিজেপি মুখ্যমন্ত্রী হিসেবে আজ শুভেন্দু অধিকারী শপথ গ্রহণ করবেন । কোলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠেয় আজকের শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , বি জে পি সবাপতি নীতিন নবীন কেন্দ্রীয় মন্ত্রীরা এবং এন ডি এ শাসিত রাজ্য গুলির মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীদের অনুষ্ঠানে অংশ গ্রহণ করার কথা রয়েছে । বি জে পির প্রবীন নেতা ডক্টর হিমন্তবিশ্ব শর্মা ইতিমধ্যেই শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য কোলকাতায় উপস্থিত হয়েছেন ।

উল্লেখ্য শ্রী অধিকারী রাজ্য বিজেপি বিধায়নী দলের নেতা নির্বাচিত হন । গতকাল স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে বিধায়নী দলের বৈঠক অনুষ্ঠিত হয় ।

---

রাজ্যে বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ সরকার আগামী ১২ মে তৃতীয় কার্যকালের জন্য শপথ গ্রহণ করবে । খানাপারার পশু চিকিৎসা বিজ্ঞান

মহাবিদ্যালয়ের খেলার মাঠে শপথ গ্রহণ অনুষ্ঠানের জন্য ব্যাপক প্রস্তুতি চলছে । মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল সন্ধ্যায় খানাপারায় উপস্থিত হয়ে শপথ গ্রহণ অনুষ্ঠানের প্রস্তুতির খোঁজ নিয়ে এক সাংবাদিক সম্মেলনে জানান যে ১২ মে সকাল ১১ টায় নতুন সরকার শপথ গ্রহণ করবেন । শপথ গ্রহণ অনুষ্ঠানে রাজ্য বিজেপি ২০ টি রাজ্যের মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছে । এছাড়াও দেশের বেশ কয়েকজন বিশিষ্ট শিল্পপতিকে শপথ গ্রহণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর কথা মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন ।

রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া জানিয়েছেন যে শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকা সহ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , বি জে পির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন সহ বেশ কয়েকজন কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী উপস্থিত থাকবেন ।

..................................................................................

দেশের অন্যান্য অংশের সঙ্গে আসামেও আজ জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে লোক আদালত অনুষ্ঠিত হবে । এই জাতীয় লোক আদালতের মাধ্যমে বিভিন্ন ফৌজদারী , দেওয়ানী ,পারিবারিক , মোটর দূর্ঘটনা ,রাজস্ব সংক্রান্ত মামলা ইত্যাদির ব্যয়হীন দ্রুত নিষ্পত্তির ব্যাবস্থা করা হয়েছে । এছাড়া ব্যাঙ্কের লেনদেন সম্পর্কীত মামলা ,টেলিফোন বিল ,বিদ্যুত মাশুল সম্পর্কীত বিবাদগুলিও নিষ্পত্তি করা হবে । জনসাধারণের সুবিধার্থে এধরণের মামলাসমূহের আগাম শুনানীরও ব্যবস্থা করা হয়েছে ।

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে লোক আদালত অনুষ্ঠিত হবে ।

কাছাড় জেলার শিলচর আদালত প্রাঙ্গণে আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে ।

শ্রীভূমি জেলা ও দায়রা জজ আদালত এবং মূখ্য ন্যায় দন্ডাধীশ আদালত প্রাঙ্গনে এই লোক আদালত অনুষ্টিত হবে।

---

হাইলাকান্দি জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে আজ জাতীয় লোক আদালত অনুষ্টিত হবে । তিন জেলা আইন সেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

---

আকাশবানীর ৯০ বছর পূর্তি উপলক্ষ্যে আকাশবাণী শিলচর কেন্দ্র আজ রবীন্দ্র জয়ন্তীর পূণ্য দিনে ‘কবি প্রণাম ’ শীর্ষক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে । শিলচর মহিলা কলেজ প্রেক্ষাগৃহে আজ বেলা সাড়ে ১১ টায় অনুষ্ঠেয় এই বিশেষ অনুষ্ঠানে রবীন্দ্র সংগীত পরিবেশন করবেন সুদীপ্তা ভট্ট াচার্য ও পঙ্কজ কুমার নাথ ।

---

আজ ২৫ শে বৈশাখ । কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম জয়ন্তী উপলক্ষ্যে আজ বরাক উপত্যকার বিভিন্ন প্রান্তে নানা কার্যসূচীর মধ্য নিয়ে দিনটি উদযাপন করা হচ্ছে ।
বারক উপত্যকার তিন জেলার বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোগে কবিগুরুর প্রতিকৃতিতে মাল্যদান ,প্রভাতফেরী ,রবীন্দ্র সংগীত পরিবেশন , নৃত্যনাট্য আলোচনাসভা ইত্যাদি নানা কার্যসূচীর আয়োজন করা হয়েছে । শিলচরের আর্যসংস্কৃতি বোধিনী সমিতি ও জেলা প্রশাসনের ব্যাবস্থাপনায় আজ সকালে তারাপুরে রবীন্দ্র মূর্তির পাদদেশে কবিগুরুর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ ,প্রদীপ প্রজ্জ্বলন সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এছাড়াও সম্মিলিত সাংসকৃতিক মঞ্চ ,শিলচর, শিলচর সংগীত বিদ্যালয় , বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি

সম্মেলন শিলচর শহর আঞ্চলিক সমিতি সহ নানা সংস্থা সংগঠন সারাদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে রবীন্দ্র জন্ম জয়ন্তী উদযাপন করছে ।

..................................................................................................

হাইলাকান্দি জেলা এম ই শিক্ষক সংস্থার পক্ষ থেকে জেলায় ২০২৫-২৬ শিক্ষাবর্ষের বিনামূল্যে স্কুল ইউনিফর্ম বিতরণ নিয়ে অনিয়মের অভিযোগ জানিয়ে অতিরিক্ত জেলা আয়ুক্ত ( শিক্ষা ) তথা সর্ব শিক্ষা অভিযানের জেলা মিশন কো-অর্ডিনেটরের কাছে স্মারকপত্র প্রদান করা হয়েছে । সরকারি নির্দেশ সঠিকভাবে পালন না করায় এল পি স্কুলের পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীর বহু ছাত্র ছাত্রী ইউনিফর্ম থেকে বঞ্চিত হচ্ছে বলে স্মারকপত্রে উল্লেখ করে এই ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবী জানিয়ে জেলা প্রশাসনের কাছে অবিলম্বে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য শিক্ষক সংস্থা আবেদন জানিয়েছে ।

..................................................................................................

হাইলাকান্দি জেলার খাদ্য , অসামরিক সরবরাহ ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলার খাদ্য সুরক্ষা যোজনার রেশন কার্ডধারীদের মধ্যে বিতরনের জন্য কেরোসিন বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে গ্রাম ও শহরের রেশন কার্ডধারীরা একসঙ্গে তিন মাসের কেরোসিন সহ আরো অতিরিক্ত কেরোসিন নিজ নিজ এলাকার হকার থেকে সংগ্রহ করতে পারবেন । উল্লেখ্য জেলার ১৭টি সমবায় সমিতিকে নির্ধারিত এস কে ওয়েল ডিপো থেকে কেরোসিন সংগ্রহ করে ডিলারদের মাধ্যমে বিতরন করতে বলা হয়েছে । জেলায় মোট ৬০ হাজার লিটার কেরোসিন বরাদ্দ করা হয়েছে বলে বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে ।

..................................................................................................

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর সেঞ্চুরিয়ানের ব্যবস্থাপনায় আগামী সোমবার ধলাই বিধানসভা কেন্দ্রের পুনিখাল তিমাথা সংলগ্ন ভূবনখাল শিববাড়ীতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগেও আগামী রবিবার ধলাই বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত দর্মিখালের কল্যানপুর প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।